# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 JANUARY 2025** **7:45—7:55**

---

১) আসামের উন্নয়নের সংগে সমগ্র উত্তরপূর্বাঞ্চলের বিকাশ ওতপ্রতোভাবে জড়িত বলে ওয়াল্ড ইকনমিক ফরামে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্য ।

২) ভারতীয় জনতা পার্টির কার্যবাহী সদস্য নীতিন নবীন দলের নতুন জাতীয় সভাপতি হিসেবে নির্বাচিত ।

৩) কোকরাঝারের পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য সেনাবাহনী ও সি আর পিএফের রেপিড এক্সন ফোর্স নিয়োগ ।

৪) আসাম বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনের আজ দ্বিতীয় দিনে ১৭ জনকে স্বর্ণপদক প্রদান সহ তিন হাজার তিনশ স্নাতক পর্যায়ের ছাত্র ছাত্রীদের ডিগ্রী প্রদান ।

এবং

৫) শ্রীভূমি জেলায় ৫৫ কোটি টাকার ও বেশী মূল্যের মাদক দ্রব্য বিনষ্ট ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ সুইজারল্যান্ডের ডাভসে অনুষ্ঠিত ওয়াল্ড ইকনমিক ফরামে ভারত পেভেলিয়নের উদ্ভোধনী অনুষ্ঠানে অংশ নেন । এই মঞ্চ বিশ্বের সামনে ভারতের বিভিন্ন ক্ষেত্রে সবোত্তম সুযোগ সুবিধাগুলি প্রদর্শন করে দেশের সম্মান বৃদ্ধি করবে বলে তিনি আশা প্রকাশ করেন ।মুখ্যমন্ত্রী ড: শর্মা আজ বিশ্বের সেমি কন্ডাকটর শিল্প প্রতিনিধিদের সংগে এক বৈঠ কে অংশ গ্রহণ করবেন ।এই বৈঠকের আগে মুখ্যমন্ত্রী টাটা গ্রুপের অধ্যক্ষ এন চন্দ্রশেখরণের সংগে দেখা করে ফলপ্রসূ আলোচনায় মিলিত হন । ড: শর্মা আসামের সেমিকন্ডাকটর শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে

টাটা গ্রুপের গুরুত্বপূর্ন ভূমিকার কথা উল্লেখ করে বলেন যে বিশ্বের মুখ্য অংশীদারদের সংগে একহয়ে রাজ্যের শিল্পের পরিবেশ সুদৃঢ় করার জন্য আসাম সরকার সংকল্পবদ্ধ ।আসামের উন্নয়নের সংগে সমগ্র উত্তরপূর্বাঞ্চলের বিকাশ ওতপ্রতোভাবে জড়িত হয়ে রয়েছে বলে ড: শর্মা প্রকাশ করেন ।

বাইট --------- মুখ্যমন্ত্রী

---------------------------------------------------------------------------------

উল্লেখ্য আসামের প্রতিনিধি হিসেবে মুখ্যমন্ত্রী ড: শর্মা এই সম্মেলনে অংশ গ্রহনের সুযোগ লাভ করা তাৎপর্যপূর্ন হিসেবে বিবেচিত হচ্ছে । এই ফরামে অংশ গ্রহণের মাধ্যমে আসাম আর্থিক ক্ষেত্রে অংশীদারিত্ব শক্তিশালী করা , বিনিয়োগ আকর্ষণ করা ,স্থায়ী উন্নয়ন ও প্রযুক্তিগত উদ্ভাবনে রাজ্যকে প্রথমসারিতে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সহায়ক হবে । মুখ্যমন্ত্রীর এই ফরামে কম করে ও ১৭ টি বৈঠকে অংশ নেওয়া সহ বেশ কয়েকটি সমঝোতা চুক্তিতে সাক্ষর করার কথা রয়েছে । সম্মেলনের ৫৬ তম এই বার্ষিক বৈঠকে বিশ্বের ৩ হাজারের ও বেশী নেতার অংশ গ্রহণ করার কথা রয়েছে ।

---------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টীর কার্যবাহী সভাপতি নীতিন নবীনকে দলের নতুন জাতীয় সভাপতি হিসেবে নির্বাচিত করা হয়েছে । বিজেপি দলের নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক ডঃ কে লক্ষ্মন আজ দলের জাতীয় সভাপতি হিসেবে নীতিন নবীনের নাম ঘোষণা করেন । প্রবীণ বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ , রাজনাথ সিং , জে পি নাড্ডা এবং নীতিন গাড়কারি শ্রী নবীন কে অভিনন্দন জানান ।

এদিকে দলের নব নির্বাচিত জাতীয় সভাপতি শ্রী নবীন তাঁকে এই পদে নির্বাচিত করার জন্য প্রধানমন্ত্রী শ্রী মোদী সহ দলের প্রবীণ নেতাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।উল্লেখ্য বিজেপির জাতীয় সভাপতি পদের জন্য কেবল শ্রী নবীনের নাম প্রস্তাব করায় তিনি বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছেন । নীতিন নবীনের পক্ষে ৩৭ টি মনোনয়নপত্র গৃহীত হয়েছিল ।

---------------------------------------------------------------------------------

কোকরাঝার জেলার কারিগাওয়ের গৌরীনগরে গতরাতে সংগঠিত গণপ্রহারের ঘটনা সম্পর্কে পুলিশ ১৯ জন লোককে আটক করেছে । ঘটনা সম্পর্কে জিজ্ঞাসাবাদ করার জন্য এই লোকেদের আটক করা হয়েছে বলে জানিয়ে জেলার পুলিশ সুপার অক্ষদ গার্গ বলেন যে পুলিশ ইতিমধ্যে ঘটনা সম্পর্কে তদন্ত আরম্ভ করেছে । আইন শৃঙ্খলাজনিত

পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখার উদ্দেশ্যে কোকরাঝার ও চিরাং জেলায় মোবাইল ইন্টারনেট সেবা সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা প্রকাশ করে জেলাটির পরিস্থিতি স্বাভাবিক করে তোলার জন্য সমাজের নেতৃস্থানীয় ব্যাক্তি ও রাজনৈতিক নেতাদের সহযোগীতা করতে আহ্বান জানিয়েছেন ।কোকরাঝারের পরিস্থিতি স্বাভাবিক করে তোলার জন্য জেলা প্রশাসন সহ রাজ্য প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সংগে সবসময় যোগাযোগ রেখে চলেছেন বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করে বলেন শান্তি শৃঙ্খলা ও জনসাধারণের নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য সেনাবাহিনী সহ কেন্দ্রীয় সংরক্ষিত বাহিনীর রেপিড ফোর্স নিয়োগ করা হয়েছে ।

উল্লেখ্য গতরাতে অঞ্চলটিতে গরু চোর সন্দেহে ৫ জন লোককে গণপ্রহারের ঘটনা সংগঠিত হয় । এই আক্রমণে এক ব্যাক্তির মৃত্যু হোয়া সহ ৪ জন গুরুতরভাবে আহত হয়েছেন ।

---------------------------------------------------------------------------------

আসামে আনুমানিক ৪ লক্ষ ৮৬ হাজার ৬৯৮ কোটি টাকা বিনিয়োগে ১১১ টি পরিকাঠামোমূলক প্রকল্প রুপায়ন করা হচ্ছে । সক্রিয় প্রশাসন ও সময় নির্ধারিত রুপায়ন অর্থাৎ প্রগতি শীর্ষক কেন্দ্রীয় সরকারের কার্যসূচীর আধীনে পি এম জি পোর্টেলে এই তথ্য প্রকাশ করা হয়েছে । রেলোয়ে , সড়ক ও জাতীয় সড়ক , শক্তি উৎপাদন ও বিতরণ , তেল ও গেস , স্বাস্থ্য সেবা , আবর্জনা ও জল ব্যবস্থাপনা সহ বিভিন্ন ক্ষেত্রে এই প্রকল্পগুলি রুপায়ন করা হচ্ছে ।এই প্রকল্প রুপায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় জমি অধিগ্রহনের ক্ষেত্রে রাজ্য সরকার সক্রিয় ভূমিকা গ্রহণ করছে বলে পোর্টেলে উল্লেখ করা হয়েছে ।১১১ টি প্রকল্পের মধ্যে ৮১ হাজার ৮৭১ কোটি টাকা ব্যয় সাপেক্ষ ৪৬ টি প্রকল্প ইতিমধ্যে রুপায়ন করা হয়েছে ও ৬৫ টি প্রকল্পের রুপায়নের কাজ বর্তমানে চলছে ।

---------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তন অনুষ্ঠানের আজ দ্বিতীয় দিনে ১৭ জন স্বর্ণ পদক সহ তিন হাজার তিনশ স্নাতক পর্য্যায়ের ছাত্র-ছাত্রীদের ডিগ্রী প্রদান করা হয়েছে । নেতাজী সুভাষ চন্দ্র বসু মুক্ত মঞ্চে আয়োজিত সমাবর্তন অনুষ্টানে আজ অশোক লিল্যান্ডের সহ-সভাপতি শ্রী কৃষ্ণান সদাগোপান মূখ্য অতিথি হিসেবে বক্তব্য রাখেন । এ উপলক্ষ্যে শ্রী সদাগোপান স্নাতক উর্ত্তীন ছাত্র-ছাত্রীদের কাছে উন্নয়ন ও ঐতিহ্য রক্ষা ক্ষেত্রে ভারসাম্য বজায় রাখার আহ্বান জানান । এছাড়া আজকের সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের আচার্য্য তথা প্রাক্তন এয়ার চিফ মার্শাল অরূপ রাহা , উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ প্রমূখ বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার বিভিন্ন প্রান্ত থেকে উদ্ধার হওয়া বিপুল পরিমানের নেশা জাতীয় সামগ্রী জেলা প্রশাসনের উদ্যোগে বুল ডোজার দিয়ে বিনষ্ট করা হয়েছে । দক্ষিন আসাম রেঞ্জের ডেপুটি ইন্সপেক্টার জেনারেল পুলিশ জয়শ্রী খেরসা ও জেলার সিনিয়র পুলিশ সুপার লীনা দোলের উপস্থিতিতে শরিফ নগর এলাকার একটি ইটভাটায় নিষিদ্ধ মাদক দ্রব্যগুলি বিনষ্ট করা হয়েছে । উল্লেখ্য জেলার বিভিন্ন সময়ে ৮১টি অভিযানে ১৩১ জন পাচারকারীর কাছ থেকে মোট ৫৫ কোটী ৫৩ লক্ষ ৭০ হাজার টাকার হেরোইন , ইয়াবা ট্যাবলেট , গাঁজা এবং কফ সিরাফের বোতল বুলডোজার চালিয়ে বিনষ্ট করা হয় ।

এ বিষয়ে সিনিয়র পুলিশ সুপার লীনা দোলে আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন-----

বাইট

--------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহণ এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের ভূয়ো সরকারী লেটারহেড এবং ভূয়ো স্বাক্ষর থাকা একটি চিঠি সামাজিক মাধ্যমে ভাইরেল হওয়ার বিষয় সম্পর্কে এজাহার দাখিল করা হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সনোয়াল সামাজিক মাধ্যমে এই বিষয়ে জানান যে কোন দুষ্কৃতকারী অসাধু অভিপ্রায় এবং উদ্দেশ্যপ্রণোদিতভাবে এই কাজ করেছে । এধরণের কাজকর্মের দ্বারা ভুল তথ্য প্রচার করে সাংবিধানিক পদমর্যাদা ম্লান করা সহ জনমানসে তাঁকে হেয় প্রতিপন্ন করার প্রয়াস করা হয়েছে বলে তিনি জানান । তিনি বলেন যে ইতিমধ্যে এই বিষয়ে এজাহার দাখিল করা হয়েছে এবং বিধি বলবৎকারী সংস্থা সমুহকে অগ্রাধিকার ভিত্তিতে আইনী ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------------

ধেমাজী জেলার চিলাপথারের রাজীব গান্ধী ক্রীড়া প্রকল্পে আগামীকাল থেকে সন্তোষ ট্রফী জাতীয় ফুটবল প্রতিযোগিতা শুরু হচ্ছে । আসাম ফুটবল সংস্থার আমন্ত্রণে দেশের শীর্ষ পর্যায়ের ফুটবল প্রতিযোগিতার ১৫ টি খেলা চিলাপথারের রাজীব গান্ধী ক্রীড়া প্রকল্পে অনুষ্ঠিত হবে । ধেমাজী জেলার দুটি স্থান সহ ঢকুয়াখানায় ও প্রতিযোগিতার কয়েকটি খেলা অনুষ্ঠিত হবে । এরজন্য আয়োজক সংস্থা ইতিমধ্যে প্রস্তুতি সম্পূর্ণ করে তুলেছে ।আগামীকাল দুপুর একটায় আসাম এবং তামিলনাডুর মধ্যে প্রথম খেলা অনুষ্ঠিত হবে । উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর উপস্থিত থাকার কথা রয়েছে ।

--------------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচর হাইলাকান্দি রোডের প্রথম লিংক রোড পয়েন্ট থেকে সোনাই রোড পয়েন্ট পর্য্যন্ত সড়কে আর সি সি নালা নির্মান ও  সংস্কার কাজের জন্য আজ থেকে আগামী ২০ মার্চ পর্য্যন্ত সব ধরনের যান চলাচলের জন্য বন্ধ থাকবে । এই সময়কালে যান বাহনগুলি বিকল্প হিসেবে দ্বিতীয় লিংক রোড সড়ক ব্যবহার করতে পারবে বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------